তারিখ ... 8/3/79 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

036

দৈনিক বাংলা

# সরকারীভাবে নির্বাচনের ফল ঘোষণা

## বিএনপি—২০৭ ঃ আঃ লীঃ (মালেক)—৩৯ ঃ এম এল/আইডিএল —২০ ঃ জাসদ—৮

আঠারোই ফেব্রুয়ারী সাধারণ নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) বিপুল ভোটে জয়ী হয়েছে। জাতীয় সংসদের তিনশ' আসনের মধ্যে বিএনপি ২০৭টি আসন পেয়ে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। বুধবার রাতে সরকারীভাবে ঘোষিত ফলাফলে একথা জানা গেছে।

বাসসর খবরে প্রকাশ, তিন শ' আসনের বাকি ৯৩টি আসনের মধ্যে দশটি বিরোধী রাজনৈতিক দল ও জোট পেয়েছে ৭৭টি আসন এবং স্বতন্ত্র প্রার্থীরা পেয়েছেন ১৬টি আসন।

সংসদে দ্বিতীয় বৃহত্তম দল বাংলাদেশ আওয়ামী লীগ (মালেক)

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## নির্বাচন

(১-এর পৃঃ পর)

পেয়েছে ৩৯টি আসন। এর পরেই মুসলিম/আইডিএল জোটের স্থান। মুসলিম লীগ/আইডিএল জোট পেয়েছে ২০টি আসন।

দলভিত্তিক ফল নীচে দেয়া হল :

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)—২০৭ ; আওয়ামী লীগ (মালেক)—৩৯ ; মুসলিম লীগ/আইডিএল (রহিম) জোট—২০ ; স্বতন্ত্র—১৬ ; জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)—৮ : আওয়ামী লীগ (মিজান)—২ ; বাংলাদেশ জাতীয় লীগ (বিজেএল)—২ ; গণফ্রন্ট (জিএফ)—২ ; গণতান্ত্রিক আন্দোলন—১ ; বাংলাদেশ সাম্যবাদী দল —১ ; জাতীয় একতা পার্টি—১ ও ন্যাশনাল আওয়ামী পার্টি (মোজাফফর)—১।